মেহেরপুরে সমৃদ্ধি কর্মসূচির উন্নয়ন মেলা অনুষ্ঠিত

সমৃদ্ধি কর্মসূচির অংশ হিসেবে মেহেরপুর দারিদ্র্য বিমোচন সংস্থার উদ্দ্যোগে উপজেলা দিবস উপলক্ষে একটি উন্নয়ন মেলার আয়োজন করা হয়েছে। আজ বৃহস্পতিবার সকালে মেহেরপুর সদর উপজেলার হান্নানগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে এই মেলা অনুষ্ঠিত হয়।

উন্নয়ন মেলায় গ্রামীণ পিঠা সহ নানা ধরনের পণ্যের স্টল স্থান পায়, যা দর্শনার্থীদের দারুণভাবে আকৃষ্ট করে। মেলার প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম। তিনি ফিতা কেটে মেলার উদ্বোধন করেন এবং পরে বিভিন্ন স্টল ঘুরে দেখেন।

উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন মেহেরপুর দারিদ্র্য বিমোচন সংস্থার উপপরিচালক জালাল উদ্দিন, সহকারী পরিচালক জুবায়ের আলমসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ। তারা এই মেলার মাধ্যমে স্থানীয় উদ্দ্যোগ ও পণ্যের প্রসারে আশাবাদ ব্যক্ত করেন।

আলমডাঙ্গা স্থানীয় সরকার দিবস উপলক্ষে উন্নয়ন মেলার সমাপনি ও পুরস্কার বিতরনী

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের আয়োজনে স্থানীয় সরকার দিবস উপলক্ষে উন্নয়ন মেলা সমাপনি সভা ও পুরস্কার বিতরনী সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বিকেল ৩ টার দিকে উপজেলা মঞ্চে আলোচনা সভা ও পুরস্কার বিতরনী সভা অনুষ্টিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেল ৩ টার সময় আলমডাঙ্গা উপজেলা পরিষদ মঞ্চে, উন্নয়ন মেলা ও পুরস্কার বিতরনী সভায় সভাপতিত্ব করেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা

দাস ।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান এ্যাডঃ খন্দকার সালমুন আহমেদ ডন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা সহকারি কমিশনার ভুমি রেজওয়ানা নাহিদ, আলমডাঙ্গা, উপজেলা কৃষি অফিসার রেহেনা পারভীন,উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তা ডাঃ আব্দুল্লাহিল কাফি,উপজেলা প্রকৌশলী আরিফুদৌলা,,জনস্বাস্থ প্রকৌশলী আব্দুর রশিদ,মেডিকেল অফিসার ডাঃ জাহিদুল ইসলাম,বীর মুক্তিযোদ্ধা মইনদ্দিন পারভেজ,প্রেসক্লাবের সাধারন সম্পাদক হামিদুল ইসলাম আজম।

কলেজিয়েট স্কুলের উপাধ্যক্ষ শামিম রেজার উপস্থাপনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন,বিআরডিবি কর্মকর্তা সায়লা শারমিন, সমবায় অফিসার, উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা,যুব উন্নয়ন কর্মকর্তা আলাউদ্দিন,মাধ্যমিক শিক্ষা অফিসার জিয়াউল হক, পরিবার পরিকল্পা কর্মকর্তা ডাঃ ফজলুল হক,ইউপি চেয়ারম্যান শেখ আসাদুল হক মিকা,,ইউপি চেয়ারম্যান হাসানুজ্জামান, সোহানুর রহমান সোহান,আশিকুর রহমান ওল্টু,আবু সাইদ পিন্টু,মুন্সি ইমদাদুল হক,,মোজাহিদুর রহমান,মখলেছুর রহমান শিলন,এজাজ ইমতিয়াজ বিপুল,তাফসির আহমেদ লাল,মিনহাজ উদ্দিন বিশ্বাস,আসাদুল হক মিকা,তরিকুল ইসলাম,নজরুল ইসলাম,জেলা ইউপি সচিব সমিতির সভাপতি চিৎলা ইউপি সচিব মুছাব আলী,সহকারি শিক্ষক বকুল,সহকারি শিক্ষক সীমা সাহা,প্রধান শিক্ষক খন্দকার রাকিবুল ইসলাম,, সহ উপজেলা প্রশাসন কর্মকর্তা কর্মচারী বৃন্দ।সভায় উপজেলা কৃষি অফিস সেরা স্টল হিসেবে ১ম পুরস্কার পান,উপজেলা প্রানী সম্পদ অফিস ও উপজেলা প্রকৌশলী অফিস যৌথ ভাবে ২য় স্থান,এবং উপজেলা শিক্ষা অফিস ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস যৌথ ভাবে ৩য় স্থান অধিকার করেন।

অন্যদিকে ইউনিয়ন পরিষদের মধ্যে চিৎলা ইউনিয়ন ১ম স্থান,খাসকররা ইউনিয়ন ২য় স্থান ও হারদী ইউনিয়ন ও নাগদাহ ইউনিয়ন যৌথ ভাবে ৩য় স্থান অধিকার করায় তাদের সকলকে সম্মাননা ক্রেষ্ট প্রদান করেন অতিথি বৃন্দ।

এছাড়াও মেলায় যে সকল প্রতিষ্টান স্টল দিয়েছে তাদেরকে সান্তনা পুরস্কার দেওয়া হয়,এবং উপজেলা ভাইস চেয়ারম্যান, সহকারি কমিশনার ভুমি,বীর মুক্তিযোদ্ধা মইনদ্দিন পারভেজ,প্রেসক্লাবের সাধারন সম্পাদক হামিদুল ইসলাম ও উপস্থাপক শামিম রেজাকে বিশেষ পুরস্কার

দামুড়হুদায় স্থানীয় সরকার দিবস উন্নয়ন মেলায় সমাপনী অনুষ্ঠান

দামুড়হুদায় জাতীয় স্থানীয় সরকার দিবস ২০২৩ এর উন্নয়ন মেলার সমাপনী ও পুরষ্কার বিতরণ করা হয়েছে।

তিনদিনব্যাপী এই উন্নয়ন মেলার সমাপনী দিনে স্থানীয় সরকারের প্রতিষ্ঠানগুলোর মধ্যে ১ম স্থান অধিকার করেছে হাউলী ইউনিয়ন পরিষদ, ২য় স্থান অধিকার করেছে দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদ ও ৩য় স্থান উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদফতর।

দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে সমাপনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা। এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী, নতিপোতা ইউপি চেয়ারম্যান ইয়ামিন আলী, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম, হাউলী ইউপি চেয়ারম্যান ভারপ্রাপ্ত নিজাম উদ্দিন।

দামুড়হুদা উপজেলা সমবায় অফিসার হারুণ অর রশিদের সঞ্চালনায় এসময় আরো উপস্থিত ছিলেন উপজেলা জনস্বাস্থ্য উপসহকারী প্রকৌশলী রফিকুল ইসলাম, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, দামুড়হুদা উপজেলা মডেল মসজিদের ইমাম মুফতি মামুনুর রশীদ সহ সকল ইউপি সদস্যবৃন্দ, রাজনৈতিক নেতৃবৃন্দ, সুশীল সমাজের প্রতিনিধি প্রমুখ।

[redacted] ‘[redacted] [redacted] [redacted] [redacted]’ [redacted] [redacted]

‘[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]’ [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] ‘[redacted] [redacted] [redacted] [redacted]’ [redacted] [redacted]

[redacted] [redacted] ‘[redacted] [redacted] [redacted] [redacted]’ [redacted] [redacted], [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

মেলায় নিজ নিজ প্রতিষ্ঠান জনগণকে প্রদেয় সেবাগুলো তাৎক্ষণিকভাবে দেওয়ারও ব্যবস্থা ছিলো।

জীবননগরে দুই দিনব্যাপী উন্নয়ন মেলার উদ্বোধন

জীবননগরে দুইদিন ব্যাপী উন্নয়ন মেলার উদ্বোধন করা হয়েছে। রবিবার সকাল ১০টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে জাতীয় স্থানীয় সরকার দিবস-২০২৩ উদযাপন উপলক্ষে,উন্নয়ন মেলা উদ্বোধন ও আলোচনা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিতে অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-০২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, জীবননগর উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি গোলাম মোর্তুজা, জীবননগর পৌরসভার মেয়র রফিকুল ইসলাম, জীবননগর পৌরসভার সাবেক মেয়র জাহাঙ্গীর আলম,উথলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল হান্নান, সীমান্ত ইউপি চেয়ারম্যান ইছাবুল ইসলাম মিল্টন, বাকা ইউপি চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান, রায়পুর ইউপি চেয়ারম্যান তাহাজ্জত মির্জা, হাসাদহ ইউপি চেয়ারম্যান রবিউল ইসলাম বিশ্বাস, মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খান, কে ডি কে ইউপি চেয়ারম্যান খায়রুল বাসার শিপলু সহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী রাজনৈতিক নেতৃবৃন্দ সুধী ও সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

গাংনীতে ২দিন ব্যাপী উন্নয়ন মেলা সমাপ্ত

বর্ণাঢ্য আয়োজনের মধ্যদিয়ে গাংনীতে উন্নয়ন মেলা ২০২১ এর সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

রবিবার দুপুরে উপজেলা পরিষদ চত্বরে আয়োজিত উন্নয়ন মেলার সমাপনি অনুষ্ঠানে অলোচনা সভায় প্রধান আলোচক হিসেবে আলোচনা করেন মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন বলেন।

তিনি বলেন, যারা আজ ভারতের প্রধান মন্ত্রী নরেন্দ্র মোদীর বাংলাদেশ সফর নিয়ে আন্দোলন করছেন তারা মোদীর বিরুদ্ধে নয় স্বাধীনতার বিরুদ্ধে আন্দোলন করছে। যারা এর নেপথ্যে কাজ করছে তারাই অতিতে ভারতের চাটুকারিতা করেছে। যে কোন ইস্যু নিয়ে হট্টোগল করা হচ্ছে,মসজিদ মাদ্রাসায় যারা আলোচনার মাধ্যমে মানুষকে ধর্মীয় অনুভুতিতে আঘাত করে বিশৃঙ্খলার চেষ্টা করবে বা উস্কানি দেবে তাদের অংকুরেই দমন করা হবে। এর জন্য প্রশাসনকে তৎপরতার সাথে দায়িত্ব পালনের জন্য অনুরোধ করেন এমপি সাহিদুজ্জামান খোকন। তিনি আরো বলেন দেশ আজ উন্নয়নের ধারাবাহিকতায় বিশ্বের দরবারে মাথা উঁচু করে দাঁড়িয়েছে ঠিক তখনই স্বাধীনতা বিরোধী শক্তিদের গায়ে জ্বালা ধরেছে। তবুও বর্তমান সরকার উন্নয়ন করেছে। উন্নয়ন হয়েছে এবং এ উন্নয়নের ধারা অব্যাহত থাকবে ।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক। তিনি বলেন, বাংলাদেশের যত উন্নয়ন হয়েছে তা বর্তমান আওয়ামীলীগ সরকারের আমলেই হয়েছে। আওয়ামীলীগ সরকার যখনই ক্ষমতায় আসে তখই উন্নয়ন হয়। আর স্বাধীনতা বিরোধী শক্তি ক্ষমতায় আসলে লুট তরাজে লিপ্ত হয়। তিনি আরো বলেন দেশে অরাজকতা সৃস্টিকারিদের বিরুদ্ধে কঠোর অবস্থানে থাকতে হবে প্রশাসনকে। উপজেলা প্রশাসন আয়োজিত দু’দিনব্যাপী উন্নয়ন মেলার সমাপনি অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে এসব কথা বলেন এমএ খালেক।

উপজেলা নির্বাহী অফিসার রেজা মোহাম্মদ সেলিম শাহনেওয়াজ এর